গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-অধিশাখা
www.minland.gov.bd

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ভূমি মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মেছবাহ উল আলম,সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়।
সভার তারিখ : ২৮.০৩.২০১৭ খ্রি:
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।
স্থান : ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘ক’ আকারে সংযুক্ত।

নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব/ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (মাঠ প্রশাসন অধিশাখা) জনাব মো: মনিরুজ্জামান মিঞা আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম উপস্থাপন করেন। সভায় ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনা সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে বিস্তারিতভাবে অবহিত করেন। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০১৬-২০১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ সিটের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ সিট মোতাবেক ভূমি মন্ত্রণালয় সংক্রান্তে জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ হতে এপ্রিল-জুন, ২০১৭ জুন পর্যন্ত সর্বমোট ০৪টি সভা করার টার্গেট নির্ধারণ করা আছে। ইতোমধ্যে প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারে মোট দুটি সভাটি অনুষ্ঠিত হয়েছে। জানুযায়ী-মার্চ, ২০১৭তে তৃতীয় সভাটি করার টার্গেট নিঁধারণ করা আছে। সে অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের নৈতিকতা বিষয়ক কমিটির তৃতীয় কোয়ার্টার (জানুযায়ী-মার্চ, ২০১৭) সভাটি অদ্য আহ্বান করা হয়েছে।

০২। সভায় গত ১৯/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন আপত্তি না থাকায় দৃঢ়ীকরণ করা হয়।

০৩। ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ সিটের অগ্রগতি পরিবীক্ষণের তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ সিটের অগ্রগতি পরিবীক্ষণের তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের চিত্র নিম্নরূপ:

| কার্যক্রম | সূচক | একক | জুলাই ২০১৬-জুন ২০১৭ সময়ের জন্য পরিকল্পনা | | অগ্রগতি পরিবীক্ষণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ভিত্তিরেখা জুন ২০১৬ | লক্ষ্য মাত্রা | তৃতীয় কোয়ার্টার জানুযায়ী-মার্চ, ২০১৭ | | |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৪ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ১.২ অংশীজনের অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ২. সচেতনতা বৃদ্ধি | | | | | | | |
| ২.১ সচেতনতা বৃদ্ধিমূলক সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ২.২ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ০ | ১০০ জন | লক্ষ্যমাত্রা | ২৫ | |
| | | | | | প্রকৃত অর্জন | ৩২ | |
| ৩. আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার | | | | | | | |
| ৩.১ অকৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা,১৯৯৫ এর সংশোধন | নীতিমালা | সংখ্যা | ০ | ১টি | লক্ষ্যমাত্রা | - | |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| ৩.২ চা-বাগান নীতিমালা | নীতিমালা | সংখ্যা | ০ | ১টি | লক্ষ্যমাত্রা | ১ | চা-বাগান নীতিমালার পরিবর্তে চা-বাগান নির্দেশিকা নামে ২২.০৩.২০১৭ তারিখে জারী করা হয়েছে। |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ৩.৩ স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ১৯৯৭ এর সংশোধন | আইন | সংখ্যা | ০ | ০১টি | লক্ষ্যমাত্রা | - | |
| | | | | | প্রকৃত অর্জন | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩.৪ অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন ২০০১ এর সংশোধনী | আইন | সংখ্যা | ০ | ০১টি | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান | | | | | | | |
| ৪.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | সংখ্যা | ০ | ২ | লক্ষ্যমাত্রা | ১ | নীতিমালা না থাকায় পুরস্কার প্রদান সম্ভব হয়নি। |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| ই-গভর্ন্যান্স | | | | | | | |
| ৫.১ অনলাইন রেসপন্স সিস্টেম চালু | ই-মেইল/এসএমএস এর মাধ্যমে নিস্পত্তিকৃত বিষয় | সংখ্যা | ০ | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | grs system, facebook, email |
| | | | | | প্রকৃত অর্জন | ৩ | |
| ৫.২ ভিডিও কনফারেন্স | অনুষ্ঠিত ভিডিও কনফারেন্স | সংখ্যা | ০ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ৫.৩ ই-টেন্ডার চালুকরণ | ই-টেন্ডার চালুকৃত | তারিখ | ০ | ০১/১২/১৬ | লক্ষ্যমাত্রা | ১ | ৩১.১২.২০১৬ তারিখ হতে কার্যকর করা হয়েছে। |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ৫.৪ অনলাইনে সেবা প্রদান চালুকরণ | অনলাইনে সেবা চালুকৃত | সংখ্যা | ০ | ০২ | লক্ষ্যমাত্রা | ১ | Digital Record Room (DRR) Online Khotian Management |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ৫.৫ ই ফাইলিং চালুকরণ | ই ফাইলিং চালুকৃত | তারিখ | ০ | ২৮/০২/১৭ | লক্ষ্যমাত্রা | ২৮/০২/১৭ | ২৮.০২.২০১৬ তারিখ হতে কার্যকর করা হয়েছে। |
| | | | | | প্রকৃত অর্জন | ২৮/০২/১৭ | |
| ৬. উদ্ভাবনী উদ্যোগ | | | | | | | |
| ৬.১ ইনোভেশন টিম কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী ধারণা | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা | সংখ্যা | ০ | ০৫ | লক্ষ্যমাত্রা | ৩ | ১.ভূমি সেবা(মোবাইল অ্যাপ)<br>২. পে-রোল সিস্টেম<br>৩. অটোমেশন পদ্ধতিতে ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন (যশোর জেলাসহ কয়েকটি জেলায় ৩৩টি উপজেলায় চলছে) |
| | | | | | প্রকৃত অর্জন | ৩ | |
| ৭. জবাবদিহি শক্তিশালীকরণ | | | | | | | |
| অডিট কমিটির সভা | আয়োজিত সভা | সংখ্যা | ০ | ৩ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |
| ৮. জাতীয় শুদ্ধাচার কৌশলে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কার্যক্রম: ভূমি ব্যবস্থার আধুনিকীকরণ ও ভূমি ব্যবস্থাপনার পরিকল্পনা বাস্তবায়ন(কর্মস্পাদন সূচক: ভূমি ব্যবস্থায় 'ডিজিটাইজড' পদ্ধতি প্রতিষ্ঠিত) | | | | | | | |
| ৮.১ ভূমি ব্যবস্থার আধুনিকীকরণ ও ভূমি ব্যবস্থাপনার পরিকল্পনা বাস্তবায়ন | সি এস,এস এ ও আর এস খতিয়ান কম্পিউটারাইজডকরণ | সংখ্যা (লক্ষ) | ০ | ১৫০ | লক্ষ্যমাত্রা | ৪০ | |
| | | | | | প্রকৃত অর্জন | ৪২ | |
| ৯. মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম | | | | | | | |
| ৯.১ তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করা | তথ্য প্রদান | শতকরা হার | ০ | ১০০ % | লক্ষ্যমাত্রা | ১০০% | |
| | | | | | প্রকৃত অর্জন | ১০০% | |
| ৯.২ তথ্য কমিশনে বার্ষিক রিপোর্ট প্রেরণ | বছরভিত্তিক | সংখ্যা | ১ | ১ | লক্ষ্যমাত্রা | - | |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| ৯.৩ দ্রুততম সময়ে অভিযোগ নিস্পত্তি | শতকরা হার | সংখ্যা | ০ | ৯০% | লক্ষ্যমাত্রা | ৯০% | |
| | | | | | প্রকৃত অর্জন | ৯০% | |
| ১০. বাজেট বরাদ্দ | | | | | | | |
| ১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক অর্থ বরাদ্দ | বরাদ্দকৃত অর্থ | লক্ষ টাকা | ০ | ১.০০ | লক্ষ্যমাত্রা | ০.২৫ | প্রশাসন-১ শাখা হতে হিসাব পাওয়া যায়নি। |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| ১১. পরিবীক্ষণ | | | | | | | |
| ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ০ | ২৮/০৭/১৬ | লক্ষ্যমাত্রা | - | |
| | | | | | প্রকৃত অর্জন | | |
| ১১.২ মন্ত্রিপরিষদ বিভাগে পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল | পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০৪ | ০৪ | লক্ষ্যমাত্রা | ১ | |
| | | | | | প্রকৃত অর্জন | ১ | |

০৪। ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ সিটের অগ্রগতি পরিবীক্ষণের তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রায় অডিট কমিটির সভা আহ্বান করা, ই-টেন্ডার চালুকরণ বিষয়ে বর্তমান প্রান্তিকের অগ্রগতি নিয়ে সন্তুষ্ট প্রকাশ করা হয়।

শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ ব্যয়ের হিসাব এ প্রান্তিক শেষে জানানো হবে মর্মে প্রশাসন অধিশাখা-১ এর উপসচিব জনাব মোঃ আব্বাস উদ্দিন সভাকে অবহিত করেন।

০৫। ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার বিষয়ে আলোচনায় সংশ্লিষ্টগণ কর্তৃক যথাযথভাবে টার্গেট বাস্তবায়ন হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে-

ক) মন্ত্রণালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি লক্ষ্য বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি লক্ষ্য বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

০৭। সভার সভাপতি পরিবীক্ষণ সিট মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার জন্য আন্তরিকতার সাথে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২.০৪.২০১৭
(মেছবাহ উল আলম)
সিনিয়র সচিব ও সভাপতি
নৈতিকতা কমিটি
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১১.১৬.৩৩৭/১(১০০)

তারিখ-২৯ চৈত্র ১৪২৩/১২ এপ্রিল ২০১৭।

জ্ঞাতার্থে /কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। সচিব(সমন্বয় ও সংস্কার),মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব................................................, ভূমি মন্ত্রণালয়।
০৭। বিভাগীয় কমিশনার,...........................(সকল)।
০৮। যুগ্ম-সচিব,....................................,ভূমি মন্ত্রণালয়।
০৯। জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম প্রকল্প, ৩/১, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
১০। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, কাটাবন, ঢাকা।
১১। জেলা প্রশাসক....................................(সকল)।
১২। উপসচিব...................................(সকল), ভূমি মন্ত্রণালয়
১৩। মোহাম্মদ কামরুল হাসান, সিনিয়র সহকারি সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
১৪। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫। মোছা: সেলিনা সুলতানা, সহকারি সচিব(বাজেট ও অডিট শাখা)ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,ভূমি মন্ত্রণালয় ( ওয়েবসাইটে বাজেট আপলোডের অনুরোধসহ)
১৬। প্রোগ্রামার,ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইট নিয়মিত আপডেটকরণের অনুরোধসহ)
১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়
১৮। মাস্টার কপি
১৯। অফিস কপি

১২/৪/১৭
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৭২